যুগান্তর

তারিখ 18 FEB 2008
পৃষ্ঠা ১১ কলাম ৫

বহিরাগত সন্ত্রাসীদের হামলা

# কালিগঞ্জ কলেজ অধ্যক্ষের অপসারণ দাবি : কার্যালয়ে তালা

রাজশাহী ব্যুরো

রোববার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত তিন ঘণ্টা কালীগঞ্জ ডিগ্রি কলেজের অধ্যক্ষের কার্যালয় তালা দিয়ে অবরুদ্ধ করে রাখে শিক্ষার্থীরা। পরে তানোর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ঘটনাস্থলে উপস্থিত হয়ে শিক্ষার্থীদের নিরাপত্তা বিধানের আশ্বাস দিলে শিক্ষার্থীরা কলেজ অধ্যক্ষের কার্যালয়ের তালা খুলে নেয়। এই সময়ে অধ্যক্ষের কার্যালয়ের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে শিক্ষার্থীরা শনিবার বহিরাগত সন্ত্রাসীদের দ্বারা কলেজ অধ্যক্ষের ইন্ধনে সংঘটিত সন্ত্রাসী ঘটনাকে অনভিপ্রেত দাবি করে বলেন, তারা বহিরাগত সন্ত্রাসীদের বিচার এবং ক্যাম্পাসে শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপত্তাসহ কলেজ অধ্যক্ষের অপসারণ চান। এছাড়া কলেজ অধ্যক্ষের অপসারণ নিয়ে কলেজ শিক্ষকরা রোববার দুপুরে কলেজ ক্যাম্পাসে একটি জরুরি বৈঠকে মিলিত হন। বৈঠকে শিক্ষকদের পক্ষ থেকে কলেজ অধ্যক্ষ আনিসুর রহমানের প্রতি অনাস্থা জ্ঞাপন করেন শিক্ষকরা।

অপরদিকে কলেজের ৮ জন শিক্ষক শনিবার রাতে তানোর থানায় দায়েরকৃত জিডিতে উল্লেখ করেন, কলেজের অধ্যক্ষ আনিসুর রহমান সিনিয়র শিক্ষক-শিক্ষিকাদের সিনিয়র স্কেলে বেতন করে দেয়ার কথা বলে গত বছরের ২৮ জুন ১২ জন শিক্ষকের কাছ থেকে ৮৪ হাজার গ্রহণ করেন। পরে সিনিয়র স্কেল না ায় ১৪ ফেব্রুয়ারি ওই ১২ জন শিক্ষক ক্ষের কাছে টাকা ফেরত চাইলে কথা কাটি হয়। এর জের ধরে এর পরদিন ক্ষের মদদে বহিরাগত সন্ত্রাসীরা কলেজের ক ও শিক্ষার্থীদের ওপর চড়াও হয়। এ রি পর থেকেই কলেজ ক্যাম্পাসে উত্তেজনা ৮ করতে থাকে। বহিরাগত সন্ত্রাসীদের ়, শিক্ষক ও শিক্ষার্থীদের নিরাপত্তা এবং জ অধ্যক্ষের অপসারণের দাবিতে শিক্ষক ও র্থীরা তানোর থানায় পাল্টাপাল্টি ৩টি জিডি র করেছেন। কলেজ অধ্যক্ষও ৮ জন কের বিরুদ্ধে একটি জিডি দায়ের ছেন।

ষয়ে অধ্যক্ষ আনিসুর রহমান বলেন, কিছু কের অনৈতিক দাবি না মানার কারণে তার ক্ষ ছাত্রদের লেলিয়ে দিয়েছে।